

কবির কোন পক্ষ নেই

দেখ মানুষের ছায়া, দেখ বিবিধ আলিঙ্গনের ভেতর  
পাখির সাঁতার, জলসখী খোঁজে শেকড়ে গোল্লাছুট,  
স্পর্শবলয়ের ভেতর এক গোলকের হাঁসফাঁস--  
স্পর্শজালে শিথিল তার ত্রমশীতল হবার কাহিনী।

মানুষের ছায়া মানুষের চেয়ে দীর্ঘকায়,  
স্থির পাখির উপরে আলোর সাঁতার,  
ভু-গর্ভের চুমুক থেকে সরে যাওয়া গাছ--  
আর গোলকের প্রতিরম্মিতে বিচূর্ণ বলয়  
নরকের ভেতর তার ত্রমশীতল হবার ইতরতা।

কবির এখন কোন পক্ষ নেই--  
সে একবার শুভর দিকে, অন্যবার ইতরতার দিকে  
তঁার পা।

কামল হাসান

